

তারিখ 10. MAR. 2003.

পৃষ্ঠা কলান

ভোরের কাগজ

চৌমুহনী জামাল উদ্দিন কলেজে অচলাবস্থা, অধ্যক্ষের কক্ষে তালা

বেগমগঞ্জ (নোয়াখালী) সর্বোদ্যোগিতা : চৌমুহনী জামাল উদ্দিন কলেজের পরিচালনা কমিটির সভাপতি পদ থেকে পৌর চেয়ারম্যান আব্দুর রহিমকে বাদ দেওয়ার প্রতিবাদে কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছে। গত শনিবার সকালে ছাত্রছাত্রীরা অধ্যক্ষ এ কে এম আজাদের অপসারণ দাবি করে বিক্ষোভ সমাবেশ ও প্রতিবাদ সভা করে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা অধ্যক্ষের কক্ষে তালা কুণ্ডিয়ে দেয়।

জানা যায়, জামাল উদ্দিন কলেজ প্রতিষ্ঠার পর ২০০২ সালের ৫ অক্টোবর নিয়মতান্ত্রিকভাবে চৌমুহনী পৌরসভার চেয়ারম্যান পদাধিকারবলে উক্ত কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। দায়িত্ব পালনকালে কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগ উঠলে চেয়ারম্যান চার সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন। কমিটি তদন্তে অভিযোগের সত্যতা পায়। এ অবস্থায় অধ্যক্ষ আজাদ ও স্থানীয় সাংসদ আবুল হাসেম কলেজ পরিচালনা কমিটির সভাপতি চেয়ারম্যান আব্দুর রহিমকে তার পদ থেকে অপসারণ করেন।

এরই প্রতিবাদে ছাত্রছাত্রীরা কলেজ অধ্যক্ষ আজাদের অপসারণ দাবি করে অবিলম্বে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানায়। তারা কলেজ পরিচালনা কমিটির সভাপতি হিসেবে চেয়ারম্যান আব্দুর রহিমকে পুনর্নিয়োগ প্রদানের জন্য প্রশাসনের কাছে জোর দাবি জানায়। অন্যথায় ছাত্রছাত্রীরা ধর্মঘটের ডাক দেবে বলে ঘোষণা দেয়।